দৈনিক বাংলা

৮।৩।৮৩

৩০০ 054

### আন্দোলনের সকল কর্মসূচী প্রত্যাহার

# প্রাথমিক শিক্ষকরা কাল কাজে যোগ দেবেন

বাংলাদেশ প্রাথমিক স্কুল শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ ধর্মঘটী প্রাথমিক শিক্ষকদের ৯ই মার্চের মধ্যে কাজে যোগ দেয়ার আহবান জানিয়েছেন।

বাসস্ খবরে প্রকাশ, অধ্যাপক আজাদ শনিবার তার বিশ্ববিদ্যালয় বাসভবনে এক সাংবাদিক সম্মেলনে গত শুক্রবার সরকার ও সমিতির মধ্যে স্বাক্ষরিত চুক্তির পরিপ্রেক্ষিতে প্রাথমিক শিক্ষকদের ৭৩ দিনব্যাপী ধর্মঘটের অবসান এবং তাদের সকল কর্মসূচী প্রত্যাহারের কথা ঘোষণা করেন।

তিনি বলেন, শুক্রবার সমিতির কেন্দ্রীয় কমিটির বৈঠকে প্রাথমিক শিক্ষকদের আন্দোলনের কর্মসূচী প্রত্যাহার এবং ধর্মঘটী শিক্ষকদের ৯ই মার্চের মধ্যে নিজ নিজ স্কুলে যোগদানের নির্দেশ জারীর সিদ্ধান্ত নেয়া হয়।

জনাব আবুল কালাম আজাদ বলেন, ২০শে মার্চ সারা দেশে বিজয় দিবস পালিত হবে। ঢাকা জেলার শিক্ষকরা ঐদিন বেলা ৩টায় বায়তুল মোকাররমে এক সমাবেশে মিলিত হবেন এবং অন্যান্য জেলার শিক্ষকরা তাদের নিজ নিজ জেলা সদরে জমায়েত হবেন।

জনাব আজাদ বলেন, প্রাথমিক শিক্ষকদের আড়াই মাসব্যাপী ধর্মঘট চলাকালে স্কুলের ছাত্রছাত্রীদের পড়াশুনার যে ক্ষতি হয়েছে তা পুষিয়ে দেবার জন্য তার সমিতি খুব শীঘ্রই একটা কর্মসূচী ঘোষণা করবে।

তিনি রাজনৈতিক নেতা, কর্মী, শ্রমিক নেতা, ছাত্র ও সাংবাদিকদের প্রদত্ত সমর্থন ও সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন।

অধ্যাপক আজাদ আশা প্রকাশ করেন, ধর্মঘট এবং আন্দোলনের অন্যান্য কর্মসূচী প্রত্যাহারের জন্য সরকারের সঙ্গে শিক্ষকদের যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে তার শর্তাবলী সরকার বাস্তবায়িত করবেন।

**বিভিন্ন দলের অভিনন্দন**

ইউপিপির চেয়ারম্যান কাজী জাফর আহমদ ও সাধারণ সম্পাদক মোস্তফা জামাল হায়দার, আইডিএলের সেক্রেটারী জেনারেল মওলানা মুহাম্মদ আবদুস সুবহান ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক জনাব হায়দার আকবর খান রনো ও সম্পাদকমণ্ডলীর সদস্য জনাব রাশেদ খান মেনন ও বাংলাদেশ লেবার পার্টি প্রধান মাওলানা আবদুল মতীন পৃথক পৃথক বিবৃতিতে প্রাথমিক শিক্ষকদের আন্দোলনের শান্তিপূর্ণ সমাধানে প্রাথমিক শিক্ষকদের অভিনন্দন জানিয়েছেন।